

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ২. রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর হাদীসের প্রতি সম্মান প্রদর্শন এবং তার বিরুদ্ধবাদীর প্রতি কঠোর মনোভাব পোষণ।

بَابِ تَعْظِيم حَدِيثِ رَسُولِ اللهِ عَلَيْ فَالتَّعْلِيظِ عَلَى مَنْ عَارَضَه

### আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمُنْذِرِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْفُضَيْلِ، حَدَّثَنَا الْمَقْبُرِيُّ، عَنْ جَدِّهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم - أَنَّهُ قَالَ " لاَ أَعْرِفَنَّ مَا يُحَدَّثُ أَحَدُكُمْ عَنِي الْحَدِيثَ وَهُوَ مُتَّكِئٌ عَلَى أَرِيكَتِهِ فَيَقُولُ اقْرَأُ قُرْآنًا . مَا قِيلَ مِنْ قَوْلٍ حَسَنِ فَأَنَا قُلْتُهُ " .

#### বাংলা

১০/২১। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমি এমন লোকের পরিচয় তুলে ধরছি যার নিকট তোমাদের কেউ আমার হাদীস বর্ণনা করবে, আর সে তার আসনে হেলান দেয়া অবস্থায় বলবে, কুরআন পাঠ করো। কোন উত্তম কথা বলা হলে (মনে করবে যে) আমিই তা বলেছি।

## **English**

It was narrated from Abu Hurairah that:

The Prophet () said "I do not want to hear of anyone of you who, upon hearing a Hadith narrated from me, says while reclining on his pillow: 'Recite Qur'an (to verify this Hadith).' (Here the Propher SAW said) Any excellent word that is said, it is I who have said it." [How can you reject what I have said?]

### ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ; আহমাদ ৫৮৮৩, ৯৮৯৯।



তাহকীক আলবানী: মুনকার। তাখরীজ আলবানী: জামি সগীর ৬১৭৫, যঈফা ১০৮৪ যঈফ জিদ্দান। উক্ত হাদিসের রাবী ১. মুহাম্মাদ ইবনুল ফুদাইল সম্পর্কে ইবনু মাঈন বলেন, তিনি সিকাহ। আবু মুর'আহ বলেন তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন কোন সমস্যা নেই। ২. আব্দুল্লাহ বিন সাঈদ বিন আবু সাঈদ আল মাকবুরী সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কান্তান বলেন, আমি তার মজলিসে বসে জানতে পেরেছি যে, তার মাঝে মিথ্যাবাদিতা রয়েছে। আহমাদ বিন হাম্বল বলেন তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইবনু মাঈন বলেন তিনি সিকাহ নন। ইমাম বুখারি তাঁকে প্রত্যাখ্যান করেছেন। আবু বুর'আহ তাঁকে দুর্বল সাব্যস্ত করেছেন। আমর ইবনুল ফাল্লাস তাঁকে প্রত্যাখ্যান করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন